

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৫

১/ বিবিধ

আরবী

من وافق من أخيه شهو ة غفر الله له موضوع

رواه العقيلي في " الضعفاء " (436، 437) وأبو نعيم في " أخبار أصبهان " (2 / 66) من طريق نصر بن نجيح الباهلي قال حدثنا عمر أبو حفص عن زياد النميري عن أنس بن مالك عن أبي الدرداء مرفوعا، قال العقيلي: ونصر وعمر مجهولان بالنقل، والحديث غير محفوظ، ومن طريق العقيلي أورده ابن الجوزي في " الموضوعات " (2 / 171) وقال: موضوع، عمر متروك، وأقره الحافظ العراقي في " تخريج الإحياء " (2 / 171) وأما السيوطي فتعقبه في " اللآليء " (2 / 87) بقوله: قلت: أخرجه البزار والطبراني وقال: أبو حفص لم يكن بالقوي

قلت: هذا القول فيه تساهل كثير فالرجل شديد الضعف حتى قال ابن خراش: كذاب يضع الحديث، ثم ذكر له السيوطي شاهدا وهو الحديث الآتي، وفيه متهم كما يأتي فلا قيمة لهذا التعقيب

বাংলা

১০৫। যে ব্যাক্তি তার ভাইয়ের চাহিদানুযায়ী সংহতি প্রকাশ করবে, তাকে আল্লাহ ক্ষমা করে দিবেন। হাদীসটি জাল।

এটিকে উকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (৪৩৬, ৪৩৭), আবু নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/৬৬) নাসর



ইবনু নাজীহ আল-বাহিলী সূত্রে উমার আবু হাফস হতে ... বর্ণনা করেছেন।

উকায়লী বলেনঃ নাসর এবং উমার উভয়েই বর্ণনার দিক দিয়ে মাজহুল। হাদীসটি নিরাপদ নয়।

ইবনুল জাওয়ী হাদীসটিকে "মাওযুআত" গ্রন্থে (২/১৭১) উল্লেখ করে বলেছেনঃএক্রন্থ এটি বানোয়াট, উমার একজন মাতরূক বর্ণনাকারী। হাফিয ইরাকী তার এ কথাকে "তাখরীজুল ইহইয়া" গ্রন্থে (২/১১) সমর্থন করেছেন।

কিন্তু সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (২/৮৭) তার সমালোচনা করে বলেছেনঃ হাদীসটিকে বাযযার এবং তাবারানী বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ আবু হাফস শক্তিশালী ছিলেন না।

আমি (আলবানী) বলছিঃ তার (সুয়ূতীর) এ কথায় খুবই শিথিলতা করা হয়েছে। কারণ তিনি (আবু হাফস) খুবই দুর্বল, এমনকি তার সম্পর্কে ইবনু খারাশ বলেনঃ كذاب يضع الحديث তিনি মিথ্যুক, হাদীস জাল করতেন।

অতঃপর সুয়ূতী তার শাহেদ হিসাবে নিম্নের হাদীসটি উল্লেখ করেছেন। যাতে মিথ্যার দোষে দোষী বর্ণনাকারী রয়েছেন। অতএব তার এ সমালোচনা অর্থহীন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন